



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৯ মে ২০১৮ খ্রি.

পাহাড়ের ক্ষয় রোধে বিনা ঘাস প্রকল্প বা

‘ভেটিভার’ প্রজেক্ট উদ্বোধন আগামীকাল ৩০ মে বুধবার

থাইল্যান্ডের সাইপাট্রোনা ফাউন্ডেশনের সহায়তায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাহাড়ের ক্ষয় রোধে বিনা ঘাস প্রকল্প বা ‘ভেটিভার’ প্রজেক্ট বাস্তবায়ন করতে যাচ্ছে। আগামীকাল ৩০ মে ২০১৮ খ্রি. বুধবার, সকাল সাড়ে ১০ টায় টাইগার পাস এলাকায় বাটালী হিল মিঠা পাহাড়ের পাদ দেশে ভেটিভার গ্রাস ডেভেলপমেন্ট সেন্টার উদ্বোধন করবেন থাইল্যান্ডের রাজকুমারী সাইপাট্রোনা ফাউন্ডেশনের মহাচক্রী সিরিনধরণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম- ২৯ মে ২০১৮ খ্রি.

জোহরা জমির হেফজ ও এতিমখানা উদ্বোধন অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

পবিত্র ইসলাম জগতবাসীকে ন্যায় ও সুবিচার শিক্ষা দেয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইসলামের বাণী প্রচার ও প্রসারের লক্ষে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। বঙ্গবন্ধু বলেছিলেন, ‘আমরা লেবাস সর্বস্ব ইসলামে বিশ্বাসে নই। আমরা বিশ্বাসী ইনসাফের ইসলামে’। মেয়র বলেন, পবিত্র ইসলাম জগতবাসীকে ন্যায় ও সুবিচার শিক্ষা দেয়। অন্যায়, অত্যাচার, শোষণ, বঞ্চনা পবিত্র ইসলামে নেই। তিনি হেফজ খানা ও এতিমখানা প্রতিষ্ঠা করে ইসলামের খেতমতে অবদান রাখায় প্যানেল মেয়র নিছার উদ্দিন আহমেদ মঞ্জুকে ধন্যবাদ জানান। ২৯ মে ২০১৮ খ্রি. বিকেলে নগরীর উত্তর কাউলী সিটি গেইট এলাকায় জমির আহম্মদ ওয়েলফেয়ার ফাউন্ডেশন প্রতিষ্ঠিত জোহরা জমির হেফজ ও এতিমখানা উদ্বোধন উপলক্ষে এক ইফতার মাহফিলে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১০নং উত্তর কাউলী ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র নিছার উদ্দিন আহমেদ মঞ্জু। হেফজ ও এতিমখানা উদ্বোধন অনুষ্ঠানে আকবরশাহ থানা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কাজী আলতাফ হোসেন, সমাজসেবক আমানত উল্লাহ মাষ্টার, লোকমান আলী, গিয়াস উদ্দিন চৌধুরী, ইকবাল চৌধুরী, কামাল উদ্দিন মাষ্টার, আবুল খায়ের, আবু সুফিয়ান, গিয়াস উদ্দিন, শাহবুদ্দিন, রোখন উদ্দিন চৌধুরীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন